অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করতে এবং চিকিৎসার সুযোগ সম্প্রসারণের জন্য গভর্নর HOCHUL (হোকল) নতুন উদ্যোগের প্রস্তাব করেছেন

যা জীবন-পরিবর্তনকারী GLP-1 ওষুধের অ্যাক্সেসের মাধ্যমে স্থূলত্বের বা ওবেসিটির সাথে লড়াই করা ব্যক্তিদের জন্য ফলাফল উন্নত করবে

গ্রাহকদের পরিচর্যা সহজ এবং উন্নত করার জন্য স্বতন্ত্র ডেন্টাল প্ল্যানের জন্য ন্যূনতম মানদণ্ড বাধ্যতামূলক করবে

যা জরুরি চিকিৎসা সেবার অ্যাক্সেস নিশ্চিত করবে এবং সেফটি নেট ট্রান্সফর্মেশন প্রোগ্রাম সম্প্রসারণ করবে

নিউ ইয়র্কের গর্ভবতী মহিলাদের জন্য এবং দীর্ঘস্থায়ী অসুখ থাকা ব্যক্তিদের জন্য এয়ার কন্ডিশনিং ইউনিট সরবরাহ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে স্বাস্থ্যসেবা কভারেজ উন্নত করার এবং নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করার লক্ষ্যে উদ্যোগের ঘোষণা করেছেন। এই উদ্যোগগুলির মধ্যে রয়েছে স্থূলত্বের বা ওবেসিটির সাথে লড়াই করা ব্যক্তিদের জন্য জীবন-পরিবর্তনকারী GLP-1 ওষুধের অ্যাক্সেস সম্প্রসারণ, গ্রাহকদের জন্য দাঁতের চিকিৎসার কভারেজ সহজীকরণ এবং উন্নত করা এবং গর্ভবতী মহিলাদের এবং দীর্ঘস্থায়ী অসুস্থ ব্যক্তিদের জন্য এয়ার কন্ডিশনিং ইউনিটের কভারেজ সম্প্রসারণ করা। উপরন্তু, গভর্নর সকল নিউ ইয়র্কবাসীর জরুরি চিকিৎসা পরিষেবার অ্যাক্সেস নিশ্চিত করতে এবং সেফটি নেট ট্রান্সফর্মেশন প্রোগ্রাম (Safety Net Transformation Program) সম্প্রসারণ করতে নতুন আইন প্রবর্তন করবেন।

"মহামারীর পর থেকে পূর্বাবস্থায় ফিরে আসা অব্যাহত রাখার পাশাপাশি, আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় বিনিয়োগ এবং উদ্ভাবন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বছর আমাদের স্বাস্থ্য সংক্রান্ত প্রস্তাবগুলি নিউ ইয়র্কবাসীদের নিজেদের পকেট থেকে খরচ করা অর্থের পরিমাণ কমাবে এবং তাদের সাশ্রয়ী মূল্যের, উচ্চমানের চিকিৎসা সেবা নিশ্চিত করবে।"

জীবন রক্ষাকারী স্থূলত্বের ওষুধগুলির ক্রমবর্ধমান উপলভ্যতা

স্থূলত্ব ডায়াবেটিস, হৃদরোগ, ক্যান্সার এবং অন্যান্য গুরুতর অসুখের ঝুঁকি বাড়ায় এবং নিউ ইয়র্কে স্থূলত্বের মোকাবেলা করা এখনও একটি চ্যালেঞ্জ। খরচের বাধার কারণে অনেক Medicaid (মেডিকেড) রোগী জীবন-পরিবর্তনকারী ওষুধের অ্যাক্সেস থেকে বঞ্চিত, যার মধ্যে রয়েছে Wegovy (ওয়েগোভি) এবং Ozempic (ওজেম্পিক) — গ্লুকাগন-সদৃশ-পেপটাইড-1 (GLP-1) রিসেপ্টর অ্যাগোনিস্ট যা স্থূলত্বের চিকিৎসাকে রূপান্তরিত করেছে।

এই সমস্যা সমাধানের জন্য, গভর্নর Hochul (হোকল), হার্ট অ্যাটাক বা স্ট্রোকের মতো বড় ধরনের প্রতিকূল কার্ডিওভাসকুলার ঘটনার উচ্চ ঝুঁকিতে থাকা Medicaid সদস্যদের জন্য GLP-1 ওষুধের অ্যাক্সেস মূল্যায়ন করতে হবে বলে স্বাস্থ্য দপ্তরকে (Department of Health) নির্দেশ দিচ্ছেন। ওষুধ কোম্পানিগুলিকে GLP-1 গুলির দাম কমাতে এবং এই জীবন-পরিবর্তনকারী ওষুধগুলিতে অসম অ্যাক্সেস মোকাবেলা করতে এবং আরও নিউ ইয়র্কবাসীর কাছে এগুলি আরও সহজলভ্য করতে চাপ দেওয়ার জন্য নিউ ইয়র্ক অন্যান্য স্টেটের সাথেও কাজ করবে। এই উদ্যোগগুলির লক্ষ্য হবে স্থূলত্বের সাথে লড়াই করা ব্যক্তিদের ফলাফল উন্নত করা এবং এই চিকিৎসাগুলিতে প্রবেশাধিকারকে বাধাগ্রস্ত করে এমন স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য হ্রাস করা।

দাঁতের পরিচর্যার উপলভ্যতা সম্প্রসারণ করা

দাঁতের পরিচর্যা এবং সামগ্রিক স্বাস্থ্যের মধ্যে যোগসূত্রটি সুপরিচিত, তবুও অনেক নিউ ইয়র্কবাসী গুরুত্বপূর্ণ ওরাল হেলথ পরিষেবাগুলি অ্যাক্সেস করার ক্ষেত্রে উল্লেখযোগ্য চ্যালেঞ্জের সম্মুখীন হন। গভর্নর Hochul (হোকল) মার্কেটপ্লেসে উপলভ্য ডেন্টাল পরিকল্পনার জন্য ন্যূনতম মানদণ্ড নির্ধারণের পরিকল্পনা করছেন এবং ডেন্টাল পরিকল্পনা কেনার খরচে ভর্তুকি দেওয়ার জন্য ফেডারেল 1332 ওয়েভার তহবিলের ব্যবহার অন্বেষণ করছেন। আরও উন্নত অ্যাক্সেসের জন্য, গভর্নর Hochul (হোকল) এমন আইন প্রবর্তন করবেন যা দাঁতের স্বাস্থ্যবিধি রক্ষাকারীদের বিস্তৃত পরিসরে কাজ করার সুযোগ দেয়। উপরন্তু, স্বাস্থ্য দপ্তর, স্বাস্থ্য পরিকল্পনাগুলিকে উৎসাহিত করার জন্য পদক্ষেপ নেবে যাতে দাঁতের পরিচর্যার উপলভ্যতা উন্নত করার জন্য উদ্ভাবনী উদ্যোগে তহবিল পুনঃবিনিয়োগ করা যায়।

নিউ ইয়র্কবাসীদের জন্য দাঁতের পরিচর্যার সুবিধা পাওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জের সৃষ্টি করে। স্বাস্থ্যসেবার জন্য ঋণগ্রস্ত প্রায় অর্ধেক প্রাপ্তবয়স্কদের যে ঋণ হয় তার কিছুটা অংশ দাঁতের পরিচর্যার জন্য হয়। চিকিৎসা পরিকল্পনাগুলির মতো, ডেন্টাল পরিকল্পনাগুলিতে সাশ্রয়ী মূল্যের পরিচর্যা আইনের (Affordable Care Act) অধীনে সুসংলগ্ন মানদণ্ড নেই, যার ফলে খরচ এবং সুবিধা নিয়ে বিভ্রান্তি দেখা দেয়। ডেন্টাল প্ল্যানের জন্য কোনও ন্যূনতম কভারেজের মানদণ্ড নেই, যার ফলে পৃথক মার্কেটপ্লেসে নথিভুক্ত 260,000 নিউ ইয়র্কবাসীর জন্য বিভিন্ন সুবিধা এবং খরচ নেভিগেট করা কঠিন হয়ে পড়ে। এই সমস্যা সমাধানের জন্য, নিউ ইয়র্ক 2026 সালে একটি স্ট্যান্ডার্ড অ্যাডাল্ট ডেন্টাল প্ল্যান (Standard Adult Dental Plan) চালু করবে, যার মাধ্যমে গ্রাহকদের জন্য দাঁতের পরিচর্যা সহজ এবং উন্নত করার জন্য ন্যূনতম মানদণ্ড পূরণের জন্য স্বতন্ত্র ডেন্টাল প্ল্যান আবশ্যক।

জরুরি চিকিৎসা সেবাগুলিতে অ্যাক্সেস নিশ্চিত করা

স্টেটের জরুরি চিকিৎসা সেবা (Emergency Medical Services, EMS) ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক বড় পদক্ষেপ নিয়েছে। তবে, স্টেট জুড়ে এমন কিছু

এলাকা রয়েছে যেখানে EMS পরিষেবাগুলি ধারাবাহিকভাবে এবং নির্ভরযোগ্যভাবে উপলভ্য নয়।

গভর্নর Hochul (হোকল) EMS-কে একটি অপরিহার্য পরিষেবা হিসেবে সংজ্ঞায়িত করে আইন প্রণয়ন করবেন এবং বাসিন্দাদের এই পরিষেবাগুলিতে যাতে পর্যাপ্ত অ্যাক্সেস থাকে তা কাউন্টিগুলিকে সুনিশ্চিত করতে বাধ্য করবেন। এই আইনের ফলে কাউন্টিগুলিকে একটি কাউন্টি EMS ম্যাপিং তৈরি করতে হবে যা নিউ ইয়র্ককে কভারেজের ফাঁকগুলি সনাক্ত করতে এবং পূরণ করতে সাহায্য করবে, যা স্টেটব্যাপী, 2022 সালে গভর্নর Hochul-র (হোকলে) প্রতিষ্ঠিত EMS টাস্ক ফোর্স দ্বারা সমন্বিত হবে।

সেফটি নেট ট্রান্সফর্মেশন প্রোগ্রাম সম্প্রসারণ
নিউ ইয়র্কের সেফটি-নেট স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলি স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন এবং স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন। এই সমস্যা সমাধানের জন্য, 2024 সালে গভর্নর Hochul (হোকল) সেফটি নেট ট্রান্সফর্মেশন প্রোগ্রাম প্রতিষ্ঠা করেন, যা কৌশলগত অংশীদারিত্বকে উৎসাহিত করতে এবং হসপিটাল ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য আর্থিক সহায়তা এবং নিয়ন্ত্রক নমনীয়তা প্রদান করে। প্রথম বছরে, প্রোগ্রামটির চাহিদা উপলভ্য তহবিলের চেয়ে অনেক বেশি ছিল।

এই চাহিদা পূরণের জন্য, গভর্নর Hochul (হোকল) এই কর্মসূচিতে অতিরিক্ত সংস্থান বরাদ্দ করবেন। এই প্রতিশ্রুতি ভবিষ্যতের জন্য নিউ ইয়র্কের সেফটি-নেট হসপিটালগুলিকে স্থিতিশীল ও শক্তিশালী করার জন্য যোগ্য আবেদনগুলিকে সমর্থন করবে এবং নতুন অংশীদারিত্ব গড়ে তুলবে।

দীর্ঘস্থায়ী অসুখ থাকা ব্যক্তিদের জন্য এয়ার কন্ডিশনিং ইউনিতগুলির আক্সেস সম্প্রসারণ
নিউ ইয়র্ক স্টেটে, জলবায়ু পরিবর্তন, চরম তাপপ্রবাহের তীব্রতা, সময়কাল এবং ফ্রিকোয়েন্সি তীব্রতর করছে। 2024 সালে, গভর্নর Hochul (হোকল) হাঁপানির কারণে উল্লেখযোগ্য অসুস্থতার ঝুঁকিতে থাকা সদস্যদের জন্য এসেনশিয়াল প্ল্যানে (Essential Plan) এয়ার কন্ডিশনার ক্রয়, বিতরণ এবং ইনস্টলেশনের জন্য কভারেজ সম্প্রসারণের কথা ঘোষণা করেছিলেন। এই অর্জনের উপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) গর্ভবতী মহিলাদের এবং ডায়াবেটিস, হৃদরোগ এবং উচ্চ রক্তচাপের মতো অতিরিক্ত স্বাস্থ্যগত সমস্যায় ভোগা ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার জন্য এয়ার কন্ডিশনিং ইউনিটের জন্য যোগ্যতার মানদণ্ড আরও বিস্তৃত করার পরিকল্পনা করছেন। এই সম্প্রসারণ 2026 সালে কার্যকর হবে এবং 15,000 অতিরিক্ত এসেনশিয়াল প্ল্যানে তালিকাভুক্ত ব্যক্তিদের এয়ার কন্ডিশনিং ইউনিট অ্যাক্সেস করার সুযোগ নিশ্চিত করবে বলে জন্য অনুমান করা হচ্ছে, যা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর উপর চরম তাপের প্রভাব উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে।

নিউ ইয়র্ক স্টেট হেলথ কমিশনার ডঃ James McDonald (জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "এই প্রস্তাবগুলি, যার মধ্যে রয়েছে দাঁতের পরিচর্যার সুবিধা সম্প্রসারণ, স্থূলত্বের চিকিৎসার জন্য ওষুধ এবং এয়ার কন্ডিশনিং ইউনিটের সুবিধা উন্নত করা, নিউ ইয়র্কবাসীদের প্রকৃত সমস্যা

সমাধান এবং তাদের ভালোভাবে জীবনযাপন করতে সহায়তা করার জন্য গভর্নরের প্রতিশ্রুতির প্রতিফলন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন